সংযুক্তি - ১

# পিজিসিবি'র নিজস্ব/সরকারি অর্থায়নে প্রকল্প সমূহের দরপত্র দলিলে সঞ্চালন লাইন ইক্যুপমেন্ট এর জন্য দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসেবে নাম অন্তর্ভুক্তকরণের জন্য নীতিমালা

**মার্চ/২০২২**

**পিজিসিবি'র নিজস্ব/সরকারি অর্থায়নে প্রকল্প সমূহের দরপত্র দলিলে সঞ্চালন লাইন ইক্যুপমেন্ট এর জন্য দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসেবে নাম অন্তর্ভুক্তকরণের জন্য নীতিমালা**

## ১. ভূমিকা

পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) বাংলাদেশ সরকার এবং আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা (ওয়ার্ল্ড ব্যাংক, এডিবি, জাইকা, আইডিবি, কেএফডব্লিউ, এআইআইবি প্রভৃতি)-এর যৌথ অর্থায়নে বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে আসছে। এছাড়া বাংলাদেশ সরকারের ও কোম্পানির নিজস্ব অর্থায়নেও উল্লেখযোগ্য পরিমাণ প্রকল্প বাস্তবায়িত হয়েছে এবং ভবিষ্যতেও বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে।

পিজিসিবির সঞ্চালন লাইন নির্মাণ প্রকল্পের কাজ সাধারণত আন্তর্জাতিক ইপিসি ঠিকাদারের মাধ্যমে টার্নকি চুক্তির আওতায় সম্পন্ন করা হয়ে থাকে। আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নে যেসব প্রকল্প সম্পন্ন হয়, সেসব প্রকল্পের দরপত্র দলিলে মালামাল প্রস্তুতকারী প্রতিষ্ঠানের যোগ্যতার মানদন্ড (Qualification Criteria) নির্ধারনের ক্ষেত্রে সাধারণত উন্নয়ন সহযোগী সংস্থা কিংবা তাদের নির্ধারিত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত শর্ত আরোপ করা হয়ে থাকে। এক্ষেত্রে নির্ধারিত যোগ্যতার মানদন্ড অনুসারে দেশীয় প্রতিষ্ঠান সমূহকে কোন কোন উন্নয়ন সংস্থা স্থানীয় অধিকার (Domestic Preference) এর সুবিধা দিয়ে থাকে কিন্তু দেশীয় প্রতিষ্ঠান সমূহের জন্য যোগ্যতার মানদন্ড নমনীয় করার সুযোগ দেয় না। ফলে উন্নয়ন সংস্থার অর্থায়নে প্রকল্প সমূহের দরপত্র দলিলের শর্ত অনুসারে দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠানের ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটি, টেস্ট ফ্যাসিলিটি, কোয়ালিটি ম্যানেজমেন্ট আইসো (ISO) সার্টিফিকেশন থাকলেও তাদের উৎপাদিত মালামাল সরবরাহের অভিজ্ঞতার (Supply record) কমতির কারনে যোগ্য (Qualified) হিসাবে বিবেচিত হতে পারে না।

তবে, বাংলাদেশ সরকারের ও পিজিসিবি'র অর্থায়নে সম্পন্নকৃত প্রকল্প সমূহের দরপত্র দলিলে দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠানদের উদ্বুদ্ধ করতে আন্তর্জাতিক মানের মালামাল সরবরাহ করতে সক্ষম এরুপ দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠানদের নাম সম্বলিত তালিকা উল্লেখ করা হয়ে থাকে। উক্ত তালিকায় দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠানদের নাম অন্তর্ভূক্তির বিষয়ে একটি নীতিমালা চালু করার জন্য আলোচ্য নীতিমালা প্রনয়ন করা হয়েছে।

## ২. পিজিসিবি'র নিজস্ব/সরকারি অর্থায়নে প্রকল্প সমূহের দরপত্র দলিলে দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসেবে নাম অন্তর্ভুক্তির প্রাক-যোগ্যতা

প্রাথমিকভাবে সঞ্চালন লাইন ইক্যুপমেন্ট হিসাবে শুধুমাত্র টাওয়ার এবং হাই ভোল্টেজ (১৩২কেভি ও ২৩০কেভি) XLPE ক্যাবল এর প্রাক-যোগ্যতাসহকারে নীতিমালা প্রনয়ন করেছে। পরবর্তীতে সংশ্লিষ্ট তথ্যাদি সংগ্রহ করতঃ অপরাপর ইকুইপমেন্টসমূহের জন্য প্রাক-যোগ্যতা নীতিমালাতে অন্তর্ভূক্ত করা হবে।

### ২.১ টাওয়ার ম্যাটেরিয়াল প্রস্তুতকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

পিজিসিবির দরপত্র দলিলে টাওয়ার সরবরাহের জন্য যোগ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসেবে নাম অন্তর্ভুক্ত করার **ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রস্তুতকারী প্রতিষ্ঠানের যেসমস্ত প্রাক-যোগ্যতা পূরণ করতে হবে তা সংযুক্তি-১ হিসাবে নীতিমালায় সংযুক্ত করা হয়েছে।**

**২.২ হাই ভোল্টেজ (১৩২কেভি ও ২৩০কেভি) XLPE ক্যাবল প্রস্তুতকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ**

পিজিসিবির দরপত্র দলিলে হাই ভোল্টেজ (১৩২কেভি ও ২৩০কেভি) XLPE ক্যাবল সরবরাহের জন্য যোগ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসেবে নাম অন্তর্ভুক্ত করার **ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রস্তুতকারী প্রতিষ্ঠানের যেসমস্ত প্রাক-যোগ্যতা পুরণ করতে হবে তা সংযুক্তি-২ হিসাবে নীতিমালায় সংযুক্ত করা হয়েছে।**

**<u>৩. পিজিসিবি'র নিজস্ব/সরকারি অর্থায়নে প্রকল্প সমুহের দরপত্র দলিলে দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসেবে নাম অন্তর্ভুক্তির পদ্ধতি</u>**

৩.১. দরপত্র দলিলে নাম অন্তর্ভূক্তকরণের জন্য সংশ্লিষ্ট প্রস্তুতকারী প্রতিষ্ঠানকে তার প্রাকযোগ্যতা অর্জনের স্বপক্ষে প্রয়োজনীয় তথ্যাদি ও ডকুমেন্ট সহকারে নির্দিষ্ট ফরমেটে (সংযুক্তি-৩ হিসাবে নীতিমালায় সংযুক্ত) ও তার নিজস্ব লেটারহেডে পিজিসিবির ব্যবস্থাপনা পরিচালক বরাবর আবেদন করতে হবে। উক্ত প্রতিষ্ঠানকে আবেদন ফি বাবদ "পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ" এর অনুকূলে পচিঁশ হাজার টাকা মাত্র (২৫,০০০/) ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আবেদনের সাথে দাখিল করতে হবে।

৩.২. ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমতিক্রমে নিম্নলিখিত পাচঁ সদস্য বিশিষ্ট একটি স্ট্যান্ডিং কমিটি প্রস্তুতকারী প্রতিষ্ঠানের আবেদন প্রাথমিক যাচাই বাচাই শেষে তার বাংলাদেশে অবস্থিত কারখানা পরিদর্শন করে নীতিমালার আলোকে ম্যানুফ্যাকচারের প্রাক যোগ্যতাগুলো পরীক্ষা করে ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি-এর বরাবর যথা শীঘ্রসময়ে প্রতিবেদন দাখিল করবে।

ক) প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), পিজিসিবি – আহবায়ক

খ) প্রধান প্রকৌশলী (সঞ্চালন-১/২), পিজিসিবি – সদস্য
[সঞ্চালন লাইন ইক্যুপমেন্ট এর ক্ষেত্রে প্রধান প্রকৌশলী (সঞ্চালন-২) এবং সাবস্টেশন ইক্যুপমেন্ট এর ক্ষেত্রে প্রধান প্রকৌশলী (সঞ্চালন-১) প্রযোজ্য হবেন]

গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (টিএলডি)/(এসএসডি), পিজিসিবি – সদস্য সচিব
[সঞ্চালন লাইন ইক্যুপমেন্ট এর ক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (টিএলডি) এবং সাবস্টেশন ইক্যুপমেন্ট এর ক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এসএসডি) প্রযোজ্য হবেন]

ঘ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আরটিএস), পিজিসিবি - সদস্য

ঙ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (কন্ট্রাক্ট), পিজিসিবি – সদস্য।

৩.৩. উপরোক্ত কারিগরী কমিটির প্রতিবেদনের উপর ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সুপারিশ সাপেক্ষে প্রস্তুতকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির প্রস্তাব পিজিসিবি'র পর্ষদ সভায় উত্থাপিত হবে। পিজিসিবি পর্ষদ প্রতিবেদনের সুপারিশের আলোকে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

৩.৪. প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নাম তালিকাভূক্তির জন্য অনুমোদিত হলে পিজিসিবি পত্রের মাধ্যমে প্রস্তুতকারী প্রতিষ্ঠানকে তাদের প্রাক-যোগ্যতা অর্জনের বিষয়টি প্রযোজ্য শর্তসহকারে (প্রাক-যোগ্যতায় বর্ণিত) অবহিত করবে। প্রস্তুতকারী প্রতিষ্ঠানকে তালিকাভূক্তির পূর্বে উক্ত প্রতিষ্ঠানকে পিজিসিবির শর্তগুলো মেনে নেওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে।

৩.৫. ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমতিক্রমে অনুচ্ছেদ ৩.২ এ উল্লেখিত পিজিসিবির নির্ধারিত কমিটি কর্তৃক প্রতি বছর কমপক্ষে একবার প্রস্তুতকারী প্রতিষ্ঠানের কারখানা পরিদর্শন করবে এবং পরিদর্শনের পর প্রাক-যোগ্যতা পূরণের বা বজায় থাকার বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট মতামতসহ প্রতিবেদন প্রদান করবে।

৩.৬. তালিকাভূক্তির পর কোন প্রস্তুতকারী প্রতিষ্ঠান পরবর্তীতে প্রাক যোগ্যতা বজায় রাখতে সক্ষম না হলে বা পিজিসিবিকে গুনগত মানসম্পন্ন মালামাল সরবরাহে বা বিক্রয়োত্তর সেবা প্রদানে ব্যর্থ হলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময়ে উক্ত প্রতিষ্ঠানের নাম পিজিসিবি'র দেশীয় যোগ্যতাসম্পন্ন প্রস্তুতকারী প্রতিষ্ঠানের তালিকা থেকে বাদ দেওয়ার অধিকার পিজিসিবি সংরক্ষণ করবে।

## ৪. বিবিধ

৪.১. দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠানসমূহের অবগতির জন্য অনুমোদিত নীতিমালাটি পিজিসিবি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৪.২. ভবিষ্যতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সুপারিশ ও পিজিসিবি পর্ষদের অনুমতি সাপেক্ষে নীতিমালাটিতে নতুন টাইপের ইকুপমেন্টের প্রাক-যোগ্যতা ও শর্ত সংযোজনসহ সংশোধন/ পরিমার্জন করা যাবে।

**সংযুক্তি-১**

## পিজিসিবির দরপত্র দলিলে যোগ্যতাসম্পন্ন টাওয়ার প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসেবে নাম অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠানের জন্য প্রাক-যোগ্যতা

| ক্রমিক নং | নিয়ামক | প্রাক- যোগ্যতা |
|---|---|---|
| ১. | Lattice steel টাওয়ার ম্যানুফ্যাকচারিং এবং সরবরাহের অভিজ্ঞতা | ১০(দশ) বছর (নোট দ্রষ্টব্য)। |
| ২. | উৎপাদন ক্ষমতা ও পিজিসিবির নির্ধারিত সময়ে চাহিদাকৃত মালামাল সরবরাহ করার সক্ষমতা | ১৩২ কেভি টাওয়ার মালামাল সরবরাহ চুক্তির ক্ষেত্রে বাৎসরিক উৎপাদন ক্ষমতা কমপক্ষে ২৫,০০০ মেঃ টঃ।<br><br>২৩০কেভি এবং ৪০০কেভি টাওয়ার মালামাল সরবরাহ চুক্তির ক্ষেত্রে বাৎসরিক উৎপাদন ক্ষমতা কমপক্ষে ৪০,০০০ মেঃ টঃ।<br><br>তবে, ১৩২ কেভি ও ২৩০ কেভির স্বল্প পরিসরে (অনধিক মোট ৫০০ মেঃ টঃ) টাওয়ার মালামাল (রিভারক্রসিং ব্যতিত) সরবরাহ চুক্তির ক্ষেত্রে উপরোক্ত শর্তসমূহ শিথিল করা যায়। এক্ষেত্রে, বাৎসরিক উৎপাদন ক্ষমতা কমপক্ষে ৫,০০০ মেঃ টঃ থাকতে হবে। |
| ৩. | টাওয়ার অ্যাংগেল, নাট-বোল্ট এবং প্লেট মালামালের মান | পিজিসিবির স্পেসিফিকেশন, সংশ্লিষ্ট British Standard এবং IEC Standard অনুযায়ী সামঞ্জস্যপূর্ন হতে হবে। |
| ৪. | টাওয়ার অ্যাংগেল এবং প্লেট ফ্যাব্রিকেশনের প্রয়োজনীয় আধুনিক মেশিনারিজ | ২৫০x২৫০x৩২মিঃমিঃ high tensile অ্যাংগেলে এবং ৩৫মি.মি. পুরুত্বের প্লেটে ২৬মিঃমিঃ ব্যাসের ছিদ্র করার ক্ষমতাসম্পন্ন সিএনসি মেশিন থাকতে হবে।<br><br>এছাড়া বর্নিত আকারের অ্যাংগেল এবং প্লেটে অন্যান্য আনুষাঙ্গিক ফ্যাব্রিকেশন কাজ করার উপযুক্ত মেশিন থাকতে হবে।<br><br>কমপক্ষে CNC Angle drilling, CNC Angle punching, CNC Plate drilling, CNC Plate punching মেশিন থাকতে হবে।<br><br>তবে, ১৩২ কেভি ও ২৩০ কেভির স্বল্প পরিসরে (অনধিক মোট ৫০০ মেঃ টঃ) মালামাল (রিভারক্রসিং ব্যতিত) সরবরাহের ক্ষেত্রে ১৪০x১৪০x১২মিঃমিঃ high tensile অ্যাংগেলে এবং ২৫মিঃমিঃ পুরুত্বের প্লেটে ২৫মিঃমিঃ ব্যাসের ছিদ্র করার ক্ষমতাসম্পন্ন সিএনসি মেশিনসহ কমপক্ষে ০২ টি সিএনসি মেশিন থাকতে হবে। |
| ৫. | গ্যালভানাইজিং ফ্যাসিলিটি | ব্যবহৃত জিংকের পিওরিটি আন্তর্জাতিক স্ট্যান্ডার্ডের সাথে সামঞ্জস্যপূর্ন হতে হবে। নিজস্ব জিংক গ্যালভানাইজিং ফ্যাসিলিটি থাকতে হবে যার জিংক পন্ড-এর আকার কমপক্ষে নিম্নরূপ হতে হবেঃ |

| | | |
|---|---|---|
| | | Zinc Pond size (min) –<br>৮.০মিঃ (দৈর্ঘ্য) x ১.০মিঃ (প্রস্থ) x ১.২৫মিঃ (গভীরতা)<br><br>তবে, ১৩২ কেভি ও ২৩০ কেভির স্বল্প পরিসরে (অনধিক মোট ৫০০ মেঃ টঃ) মালামাল (রিভারক্রসিং ব্যতীত) সরবরাহের ক্ষেত্রে নিজস্ব জিংক গ্যালভানাইজিং ফ্যাসিলিটি থাকতে হবে যার জিংক পন্ড-এর আকার কমপক্ষে নিম্নরূপ হতে হবেঃ<br><br>Zinc Pond size (min) –<br>৭মিঃ (দৈর্ঘ্য) x ০.৫মিঃ (প্রস্থ) x ০.৭৫মিঃ (গভীরতা) |
| ৬. | মালামাল টেস্টিং ফ্যাসিলিটি | পিজিসিবির Standard Format (সংযুক্তি-৩) অনুসারে সকল Factory Acceptance Test করার টেস্টিং ফ্যাসিলিটি থাকতে হবে। তবে, স্টিল অ্যাঙ্গেলে ও প্লেট-এর Tensile ও Elongation টেস্ট বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের বিআরটিসি-তে সম্পন্ন করতে হবে। টেস্টিং ইকুপমেন্টসমূহ calibration organization হতে calibrated থাকতে হবে। |
| ৭. | প্রোটো অ্যাসেম্বলি টেস্টিং ফ্যাসিলিটি | Proto Assembly Test করার ফ্যাসিলিটি থাকতে হবে। |
| ৮. | লোকবল | বিদ্যমান/প্রয়োজনীয় মেশিন চালনায় স্থায়ীভাবে নিয়োগকৃত দক্ষ লোকবল থাকতে হবে। |
| ৯. | Quality Management System | হালনাগাদকৃত সর্বশেষ ভার্সনের ISO 9001 সার্টিফিকেশন থাকতে হবে। |
| ১০. | বিদ্যুৎ ও জ্বালানী সরবরাহ | (১) চাহিদা মোতাবেক প্রয়োজনীয় পরিমান বিদ্যুৎ ও জ্বালানী সরবরাহের ব্যবস্থা থাকতে হবে।<br>(২) বিদ্যুৎ ও গ্যাস বিল পরিশোধ হালনাগাদ থাকতে হবে। |
| ১১. | স্টোর ইয়ার্ড | প্রয়োজনীয় কাঁচামাল এবং প্রস্তুতকৃত মালামাল পরিপাটি করে সুশৃঙ্খলভাবে সাজিয়ে রাখার উপযুক্ত স্টোর ইয়ার্ড থাকতে হবে। |
| ১২. | অন্যান্য | (১) বৈধ টি.আই. এন সার্টিফিকেট ও ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকতে হবে<br>(২) হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে।<br>(৩) হালনাগাদ ভ্যাট ও আয়কর পরিশোধের সার্টিফিকেট থাকতে হবে। |

<u>নোটঃ</u>

১। কোন প্রস্তুতকারী প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট মালামাল ম্যানুফ্যাকচারিং এবং সরবরাহের অভিজ্ঞতায় ঘাটতি পাওয়া গেলে কিন্তু অন্যান্য প্রাক-যোগ্যতাসমূহ সন্তোষজনকভাবে প্রতিপালন করে থাকলে নিম্নোক্ত শর্তে উক্ত প্রস্তুতকারী প্রতিষ্ঠানকে যোগ্য হিসাবে বিবেচনা করা যাবেঃ

(ক) সরবরাহ চুক্তির ক্ষেত্রে মালামাল সরবরাহের সময় থেকে দরপত্র দলিলে উল্লেখিত ওয়ারেন্টির সময় ও তার অতিরিক্ত তিন বছর সময়ের মধ্যে কোনরূপ সমস্যা হলে প্রস্তুতকারী প্রতিষ্ঠান নিজ ব্যবস্থাপনায় এবং নিজ খরচে তা পরিবর্তন করে দিতে বাধ্য থাকবেন। চুক্তি স্বাক্ষর/কার্যাদেশ জারীর পূর্বে এই বিষয়ে পিজিসিবি এবং প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করতে হবে।

চুক্তি স্বাক্ষরের পূর্বে চুক্তির ঠিকাদার /প্রস্তুতকারী প্রতিষ্ঠান সরাসরি পিজিসিবিকে সরবরাহতব্য মালামালের মূল্যের ১০% এর সমপরিমাণ ও দরপত্র দলিলে উল্লেখিত ওয়ারেন্টির সময়ের অতিরিক্ত ০৩(তিন) বছর মেয়াদী ব্যাংক গ্যারান্টি প্রদান করবে।

(খ) সরবরাহসহ কাজের চুক্তির ক্ষেত্রে কমিশনিংয়ের সময় থেকে দরপত্র দলিলে উল্লেখিত ওয়ারেন্টির সময় ও তার অতিরিক্ত তিন বছর সময়ের মধ্যে কোনরূপ সমস্যা হলে প্রস্তুতকারী প্রতিষ্ঠান নিজ ব্যবস্থাপনায় এবং নিজ খরচে তা পরিবর্তন করে দিতে বাধ্য থাকবেন। চুক্তি স্বাক্ষর/কার্যাদেশ জারীর পূর্বে এই বিষয়ে পিজিসিবি এবং প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করতে হবে।

চুক্তি স্বাক্ষরের পূর্বে চুক্তির ঠিকাদার /প্রস্তুতকারী প্রতিষ্ঠান সরাসরি পিজিসিবিকে সরবরাহতব্য মালামালের মূল্যের ১০% এর সমপরিমাণ ও দরপত্র দলিলে উল্লেখিত ওয়ারেন্টির সময়ের অতিরিক্ত ০৩(তিন) বছর মেয়াদী ব্যাংক গ্যারান্টি প্রদান করবে।

সংযুক্তি-২

**পিজিসিবির দরপত্র দলিলে যোগ্যতাসম্পন্ন হাই ভোল্টেজ (১৩২কেভি ও ২৩০কেভি) XLPE ক্যাবেল প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসেবে নাম অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠানের জন্য প্রাক-যোগ্যতা**

| ক্রমিক নং | নিয়ামক | প্রাক- যোগ্যতা |
|---|---|---|
| ১. | XLPE Cable ম্যানুফ্যাকচারিং এবং সরবরাহের অভিজ্ঞতা | ১০(দশ) বছর (নোট দ্রষ্টব্য) । |
| ২. | ভালকানাইজিং পদ্ধতি | ১৩২কেভি ভোল্টেজের ক্যাবল: Catenary Continuous Vulcanizing (CCV) / Vertical Continuous Vulcanizing (VCV)<br><br>১৩২কেভির ভোল্টেজের উর্ধ্বের ক্যাবেল: Vertical Continuous Vulcanizing (VCV) |
| ৩. | ক্যাবল সাইজ | 500sqmm থেকে 2500sqmm রেঞ্জভূক্ত সকল সাইজের ক্যাবল তৈরীর সক্ষমতা থাকতে হবে। |
| ৪. | কন্ডাক্টর ম্যাটেরিয়াল | Copper |
| ৫. | Wire stranding | 500sqmm থেকে 2500sqmm রেঞ্জভূক্ত সকল সাইজের ক্যাবলের কন্ডাক্টর স্ট্রান্ডিং-এর নিজস্ব মেশিন থাকতে হবে। |
| ৬. | Extrusion | Triple Layer extrusion |
| ৭. | Curing | Nitrogen dry curing for XLPE cable |
| ৮. | Aluminum corrugation | Corrugated aluminum sheathing line থাকতে হবে। |
| ৯. | মালামালের মান | পিজিসিবির স্পেসিফিকেশন, সংশ্লিষ্ট British Standard এবং IEC Standard অনুযায়ী সামঞ্জস্যপূর্ন হতে হবে। |
| ১০. | Machines for Power Cable | ফ্যাক্টরীতে প্রয়োজনীয় সংখ্যক CCV/VCV Plant, Armoring machine, stranding machine, extrusion machine, rewinding machine, wire drawing machine, copper taping machine, core laying machine etc. থাকতে হবে। |
| ১১. | উৎপাদন সক্ষমতা | ২৩০কেভিঃ<br>2500sqmm সাইজ – Min. 20km/month |

| | | |
|---|---|---|
| | | 2000sqmm সাইজ – Min. 25km/month<br><br>১৩২কেভিঃ<br>2000sqmm সাইজ – Min. 25km/month<br>1600sqmm সাইজ – Min. 30km/month<br><br>1200sqmm সাইজ – Min. 35km/month<br>1000sqmm সাইজ – Min. 40km/month<br>800sqmm সাইজ – Min. 45km/month |
| ১২. | মালামাল টাইপ টেস্টিং | মালামালের টাইপ টেস্টিং আন্তর্জাতিক এসটিএল (STL: Short-Circuit Testing Liaison) মেম্বার প্রতিষ্ঠানের নিজস্ব ল্যাবে সংশ্লিষ্ট IEC standard অনুসারে সন্তোষজনকভাবে সম্পন্ন করা থাকতে হবে।<br><br>(ক) কোন একটি নির্দিষ্ট সাইজের ক্যাবল ১৫ কি. মি. এর কম পরিমান সরবরাহের ক্ষেত্রেঃ<br><br>প্রথম চুক্তিতে সরবরাহের ক্ষেত্রে Offered অথবা higher size এর Type test সংশ্লিষ্ট IEC standard অনুসারে সন্তোষজনকভাবে সম্পন্ন করা থাকতে হবে।<br><br>(খ) পরবর্তী চুক্তিসমূহে যে কোন পরিমান ক্যাবল সরবরাহের ক্ষেত্রে Offered type XLPE Cable এর Type সংশ্লিষ্ট IEC standard অনুসারে সন্তোষজনকভাবে সম্পন্ন করা থাকতে হবে।<br><br>এক্ষেত্রে, ম্যানুফ্যাকচারার কর্তৃক অথোরাইজেশন লেটারসহ পিজিসিবির কোন প্রকল্পের/কার্যাদেশের বিপরীতে Type test ব্যতিত সংশ্লিষ্ট মালামাল সরবরাহ করেছে কি না তা ঘোষনা করার বিষয়ে দরপত্র দলিলে শর্ত অন্তর্ভূক্ত করতে হবে। |
| ১৩. | মালামাল টেস্টিং ফ্যাসিলিটি | Factory Acceptance Test:<br><br>পিজিসিবির Standard Format ও IEC স্ট্যান্ডার্ড অনুসারে নিজস্ব ল্যাবে সকল Factory Acceptance Test করার টেস্টিং ফ্যাসিলিটি থাকতে হবে। টেস্টিং ইকুপমেন্টসমূহ calibration organization হতে calibrated থাকতে হবে। |
| ১৪. | লোকবল | বিদ্যমান/প্রয়োজনীয় মেশিন চালনায় স্থায়ীভাবে নিয়োগকৃত দক্ষ লোকবল থাকতে হবে। |
| ১৫. | Quality Management System | হালনাগাদকৃত সর্বশেষ ভার্সনের ISO 9001 থাকতে সার্টিফিকেশন হবে। |
| ১৬. | বিদ্যুৎ ও জ্বালানী সরবরাহ | (১) চাহিদা মোতাবেক প্রয়োজনীয় পরিমান বিদ্যুৎ ও জ্বালানী সরবরাহের ব্যবস্থা থাকতে হবে। |

| | | |
|---|---|---|
| | | (২) বিদ্যুৎ ও গ্যাস বিল পরিশোধ হালনাগাদ থাকতে হবে। |
| ১৭. | স্টোর ইয়ার্ড | প্রয়োজনীয় কাঁচামাল এবং প্রস্তুতকৃত মালামাল পরিপাটি করে সুশৃঙ্খলভাবে সাজিয়ে রাখার উপযুক্ত স্টোর ইয়ার্ড থাকতে হবে। |
| ১৮. | ক্যাবেল প্যাকিং ম্যাটেরিয়াল | ক্যাবলের প্যাকিং ম্যাটেরিয়াল প্রস্তুতির সুবিধা থাকতে হবে। |
| ১৯. | অন্যান্য | (১) বৈধ টি.আই. এন সার্টিফিকেট ও ভ্যাট রেজিস্টেশন সার্টিফিকেট থাকতে হবে<br>(২) হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে।<br>(৩) হালনাগাদ ভ্যাট ও আয়কর পরিশোধের সার্টিফিকেট থাকতে হবে। |

নোটঃ

১। কোন প্রস্তুতকারী প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট মালামাল ম্যানুফ্যাকচারিং এবং সরবরাহের অভিজ্ঞতায় ঘাটতি পাওয়া গেলে কিন্তু অন্যান্য প্রাক-যোগ্যতাসমূহ সন্তোষজনকভাবে প্রতিপালন করে থাকলে নিম্নোক্ত শর্তে উক্ত প্রস্তুতকারী প্রতিষ্ঠানকে যোগ্য হিসাবে বিবেচনা করা যাবেঃ

(ক) সরবরাহ চুক্তির ক্ষেত্রে মালামাল সরবরাহের সময় থেকে দরপত্র দলিলে উল্লেখিত ওয়ারেন্টির সময় ও তার অতিরিক্ত পাঁচ বছর সময়ের মধ্যে কোনরূপ সমস্যা হলে প্রস্তুতকারী প্রতিষ্ঠান নিজ ব্যবস্থাপনায় এবং নিজ খরচে তা পরিবর্তন করে দিতে বাধ্য থাকবেন। চুক্তি স্বাক্ষর/কার্যাদেশ জারীর পূর্বে এই বিষয়ে পিজিসিবি এবং প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করতে হবে।

চুক্তি স্বাক্ষরের পূর্বে চুক্তির ঠিকাদার /প্রস্তুতকারী প্রতিষ্ঠান সরাসরি পিজিসিবিকে সরবরাহতব্য মালামালের মূল্যের ১০% এর সমপরিমাণ ও দরপত্র দলিলে উল্লেখিত ওয়ারেন্টির সময়ের অতিরিক্ত ০৫(পাঁচ) বছর মেয়াদী ব্যাংক গ্যারান্টি প্রদান করবে।

(খ) সরবরাহসহ কাজের চুক্তির ক্ষেত্রে কমিশনিংয়ের সময় থেকে দরপত্র দলিলে উল্লেখিত ওয়ারেন্টির সময় ও তার অতিরিক্ত পাঁচ বছরে সময়ের মধ্যে কোনরূপ সমস্যা হলে প্রস্তুতকারী প্রতিষ্ঠান নিজ ব্যবস্থাপনায় এবং নিজ খরচে তা পরিবর্তন করে দিতে বাধ্য থাকবেন। চুক্তি স্বাক্ষর/কার্যাদেশ জারীর পূর্বে এই বিষয়ে পিজিসিবি এবং প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করতে হবে।

চুক্তি স্বাক্ষরের পূর্বে চুক্তির ঠিকাদার /প্রস্তুতকারী প্রতিষ্ঠান সরাসরি পিজিসিবিকে সরবরাহতব্য মালামালের মূল্যের ১০% এর সমপরিমাণ ও দরপত্র দলিলে উল্লেখিত ওয়ারেন্টির সময়ের অতিরিক্ত ০৫(পাঁচ) বছর মেয়াদী ব্যাংক গ্যারান্টি প্রদান করবে।

সংযুক্তি-৩

**(আবেদনপত্রটি আবেদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেডে হতে হবে)**

বরাবর, তারিখঃ

ব্যবস্থাপনা পরিচালক,
পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ
পিজিসিবি ভবন, এভেনিউ-৩, জহুরুল ইসলাম সিটি
আফতাবনগর, বাড্ডা, ঢাকা-১২১২

আমি/আমরা পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) তে ....................................<u>(ভোল্টেজ লেবেল সহকারে)</u> মালামালের যোগ্যতাসম্পন্ন দেশীয় সরবরাহকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্তির জন্য আবেদন করছি।

আমি/আমরা ঘোষণা করছি যে, আপনার প্রতিষ্ঠান বা আপনার নিয়োজিত ঠিকাদরী প্রতিষ্ঠানের সাথে চুক্তি করার আইনগত ক্ষমতা আমার/আমাদের প্রতিষ্ঠানের রয়েছে, এবং বাংলাদেশ সরকারের কোনো সরকারি/আধা সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থার অধীনে কোনো ক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক দুর্নীতি, প্রতারণামূলক, কারসাজি বা জবরদস্তিমূলক অনুশীলনে জড়িত থাকার কোন কারণে আমার/আমাদের প্রতিষ্ঠানকে অযোগ্য ঘোষণা করা হয়নি।

আমি/আমরা পিজিসিবি'র ওয়েবসাইটে প্রকাশিত "পিজিসিবি'র নিজস্ব/সরকারি অর্থায়নে প্রকল্প সমূহের দরপত্র দলিলে সঞ্চালন লাইন ইক্যুপমেন্ট এর জন্য দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসেবে নাম অন্তর্ভুক্তকরণের জন্য নীতিমালা ২০২২/ পিজিসিবি'র নিজস্ব/সরকারি অর্থায়নে প্রকল্প সমূহের দরপত্র দলিলে সাবস্টেশন ইক্যুপমেন্ট এর জন্য দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসেবে নাম অন্তর্ভুক্তকরণের জন্য নীতিমালা ২০২২ *"<u>(প্রযোজ্য নীতিমালটি রেখে অপর অংশটি বাদ দিতে হবে)</u>* পরীক্ষা করেছি এবং উক্ত নীতিমালায় আমি/আমাদের কোন আপত্তি নেই।

আমি/আমরা আবেদন ফি বাবদ "পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ" এর অনুকূলে পচিঁশ হাজার টাকা মাত্র (২৫,০০০/) ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং....................., তাং,......................., ব্যাংক...........................) আবেদনের সাথে দাখিল করছি।

আবেদনের অংশ হিসাবে পিজিসিবি নির্ধারিত ফরমেটে তথ্যাদি ও হলফনামা আবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে। আমি/আমরা প্রত্যয়ন করছি যে আমার/আমাদের সর্বোত্তম জ্ঞান অনুসারে, আমার/আমাদের দেওয়া তথ্য সঠিক এবং সত্য।

আমি/আমরা বুঝি যে উপরে প্রদত্ত কোনো বিবরণ এবং বিবৃতি ভুল এবং মিথ্যা বলে প্রমাণিত হলে, আমার/আমাদের তালিকাভুক্তি বাতিলের জন্য দায়ী থাকবে।

তালিকাভুক্তির পূর্বে এবং পরে পিজিসিবি নির্ধারিত টিম দ্বারা আমার/আমাদের কারাখানা সরজমিনে পরিদর্শনে আমার/আমাদের প্রতিষ্ঠান থেকে কোন বাধা প্রদান করা হবে না।

আমি/আমরা বুঝতে পারি যে পিজিসিবি পিজিসিবি'র নীতিমালা অনুযায়ী সকল আবেদন প্রত্যাখ্যান করার বা ভবিষ্যতে আবেদনকারীর প্রতি কোনো দায়বদ্ধতা ছাড়াই তালিকাভুক্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

সংযুক্তিঃ (১) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার
(২) পিজিসিবি নির্ধারিত ফরমেটে তথ্যাদি
(৩) হলফনামা

আবেদনকারী /আবেদনকারীদের স্বাক্ষর (পদবি সহকারে)

# পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ

### পিজিসিবি'র নিজস্ব/সরকারি অর্থায়নে প্রকল্প সমূহের দরপত্র দলিলে সাবস্টেশন/ সঞ্চালন লাইন ইকুপমেন্ট এর জন্য দেশীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসেবে নাম অন্তর্ভুক্তকরণের জন্য

## আবেদন

বরাবর, তারিখঃ:

পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ
পিজিসিবি ভবন, এভেনিউ-৩, জহরুল ইসলাম সিটি
আফতাবনগর, বাড্ডা, ঢাকা-১২১২

মালামালের শ্রেনী: ☐ সাবস্টেশন ইক্যুপমেন্ট ☐ সঞ্চালন লাইন ইক্যুপমেন্ট [√ চিহ্ন ব্যবহার করুন]

মালামালের ধরন: ☐ টাওয়ার ভোল্টেজ লেবেল ............... কেভি
☐ হাই ভোল্টেজ XLPE ক্যাবল ভোল্টেজ লেবেল .......... কেভি
☐ ৩৩/০.৪ কেভি অক্সিলিয়ারী ও আর্থিং ট্রান্সফরমার
☐ কন্ট্রোল ও অক্সিলিয়ারী পাওয়ার ক্যাবল
[√ চিহ্ন ব্যবহার করুন ও প্রযোজ্য ক্ষেত্রে ভোল্টেজ লেবেলে উল্লেখ করুন]

| | | |
|---|---|---|
| ১. | **আবেদনকারী প্রতিষ্ঠানের তথ্য** | |
| ১.১ | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম: | |
| ১.২ | প্রতিষ্ঠানের ধরণ:<br>[√ চিহ্ন ব্যবহার করুন] | ☐ প্রপাইটারিশীপ<br>☐ প্রাইভেট লিমিটেড কোম্পানি<br>☐ পাবলিক লিমিটেড কোম্পানি |
| ১.৩ | প্রতিষ্ঠান গঠনের তারিখঃ | |

| | | |
|---|---|---|
| ১.৪ | প্রতিষ্ঠানের বাণিজ্যিক কার্যক্রম শুরুর তারিখঃ | |
| ১.৫ | বাণিজ্যিক ঠিকানাঃ | |
| ১.৬ | ভ্যাট রেজিস্ট্রেশন নংঃ | |
| ১.৭ | টিআইএনঃ | |
| ১.৮ | প্রপাইটার /ব্যবস্থাপনা পরিচালকের নামঃ | |

| ২. | **দাখিলকৃত সাপোর্টিং ডকুমেন্টের তালিকা (প্রযোজ্য ক্ষেত্রে √ চিহ্ন ব্যবহার করুন):** | |
|---|---|---|
| ২.১ | • টিআইএন সার্টিফিকেট | ☐ |
| ২.২ | • ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট | ☐ |
| ২.৩ | • আর্টিকেল অব ইনকোরপরেশন (প্রযোজ্য ক্ষেত্রে) | ☐ |
| ২.৪ | • হালনাগাদ ট্রেড লাইসেন্স | ☐ |
| ২.৫ | • পিজিসিবি'র অনুকূলে ব্যাংক ড্রাফট / পে অর্ডার | ☐ |
| ২.৬ | • অনুমোদিত ফরমেট হলফনামা | ☐ |
| ২.৭ | • একই ধরণের মালমাল সরবরাহের তালিকা ও তার সমর্থনে প্রমাণক | ☐ |
| ২.৮ | • নীতমালায় প্রদত্ত মালামালের প্রাকযোগ্যতার সমর্থনে দাখিলকৃত ডকুমেন্টের তালিকা | ☐ |

| | | | |
|---|---|---|---|
| ৩. | আবেদনকারী /আবেদনকারীদের স্বাক্ষর ও পদবি | - | |

# আবেদনকারীদের দ্বারা জমা দেওয়া হলফনামা
(নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে কার্যকর করতে হবে)

আমি/আমরা ------------------ পিতা................., মাতা..........................জাতীয় পরিচয়পত্র নং -------------- জন্ম তারিখ: ............................বয়সঃ-------------------ঠিকানা---------------------------------- জাতীয়তা-বাংলাদেশী। এই মর্মে হলফ করিয়া ঘোষণা করিতেছি যে

১। আমি/আমরা আবেদনকারী প্রতিষ্ঠান ................................... এর স্বত্বাধিকারী।
২। ক্রয়কারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি করার আইনগত ক্ষমতা আমার/আমাদের আছে।
৩। বাংলাদেশ সরকারের কোনো সরকারি/আধা সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থার অধীনে কোনো ক্রয়কারী প্রতিষ্ঠান দুর্নীতি, প্রতারণামূলক, কারসাজি বা জবরদস্তিমূলক অনুশীলনে জড়িত থাকার কোন কারণে আমার/আমাদের প্রতিষ্ঠানকে অযোগ্য ঘোষণা করা হয়নি।
৪। আমার/আমাদের প্রতিষ্ঠানটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান এবং কারখানা বাংলাদেশে অবস্থিত।
এবং
উপরে আমার/আমাদের দ্বারা প্রদত্ত বিবরণ সঠিক এবং আমি কোন তথ্য গোপন বা ভুলভাবে উপস্থাপন করিনি।

.................................

আবেদনকারী /আবেদনকারীদের স্বাক্ষর

<u>সাক্ষী</u>

১ ..............................        ২ ..........................................

হলফকারী/হলফকারীগণ আমার পরিচিত। তিনি/তাঁহারা আমার সম্মুখে সহি করিয়াছেন এবং আমি তাঁহাকে/তাঁহাদেরকে সনাক্ত করিলাম।

নোটারী পাবলিক